**কালের কণ্ঠ**

তারিখ . [illegible] MAR. [illegible]
পৃষ্ঠা ১৬ কলাম [illegible]

ওয়ার্ল্ড ওরাল হেলথ ডে উদ্‌যাপন

# ডেন্টাল শিক্ষায় গোঁজামিল দ্রুত কাটানোর দাবি

**নিজস্ব প্রতিবেদক ▷**

দেশের ডেন্টাল শিক্ষায় (বিডিএস) গোঁজামিল কাটানোর দাবির মধ্য দিয়ে গতকাল সোমবার ডেন্টাল চিকিৎসকরা উদ্‌যাপন করলেন ওয়ার্ল্ড হেলথ ডে। তবে সরকারের পক্ষ থেকে দেশের ডেন্টাল চিকিৎসার অগ্রগতি ও পরিধি বিস্তারের কথা বলা হয়েছে।

বাংলাদেশ ডেন্টাল সোসাইটি আয়োজিত রাজধানীর ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায় গতকাল সকাল থেকে সেমিনারসহ অন্যান্য কার্যক্রম শুরু হলেও বিকেলে ওয়ার্ল্ড ওরাল হেলথ ডে অনুষ্ঠানের উদ্বোধন করেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী জাহিদ মালেক। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সংসদ সদস্য অধ্যাপক ডা. হাবিবে মিল্লাত, বাংলাদেশ মেডিক্যাল অ্যাসোসিয়েশনের সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন ও মহাসচিব অধ্যাপক ডা. এহতেশামুল হক চৌধুরী দুলাল। আয়োজক সংগঠনের সভাপতি অধ্যাপক ডা. আবুল কাসেমের সভাপতিত্বে এ অনুষ্ঠানে সংগঠনের মহাসচিব ডা. হুমায়ুন কবীর বুলবুলসহ অন্যরা বক্তব্য দেন।

অনুষ্ঠানে স্বাস্থ্য প্রতিমন্ত্রী বলেন, দেশে বর্তমান সরকার মুখ ও দাঁতের বিশেষায়িত চিকিৎসার জন্য সব ধরনের পদক্ষেপ নিয়েছে। এখনো অনেক কার্যক্রম এগিয়ে চলছে। পাশাপাশি দাঁত ও মুখের চিকিৎসাকে দেশের সব স্তরের মানুষের কাছে পৌঁছে দেওয়ার জন্য নতুন নতুন ডেন্টাল কলেজ প্রতিষ্ঠা, বিভিন্ন মেডিক্যাল কলেজে নতুন ইউনিট চালুসহ ডেন্টাল সোসাইটির দাবির মুখে ৬৫৬টি নতুন পদ সৃষ্টি করা হয়েছে। সেই সঙ্গে ডেন্টাল কোর্সের মেয়াদ বৃদ্ধির বিষয়টি নিয়েও কাজ চলছে।

অনুষ্ঠানে ডেন্টাল সোসাইটির মহাসচিব সংগঠনের পক্ষ থেকে বক্তব্য দিতে গিয়ে বলেন, দেশে এখন বিশ্বমানের ডেন্টাল চিকিৎসা ও চিকিৎসক থাকলেও এখানে এখনো ডেন্টাল শিক্ষায় গোঁজামিল রয়ে গেছে। বিশ্বের সব জায়গায় ডেন্টাল শিক্ষার কারিকুলাম পাঁচ-ছয় বছর মেয়াদি হলেও আমাদের দেশের ডেন্টাল শিক্ষা এখনো চার বছর মেয়াদি রয়ে গেছে। এটা অবশ্যই পাঁচ বছর মেয়াদি করা জরুরি।